গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগ
সমবায় অধিদপ্তর
www.coop.gov.bd

# নভেম্বর/২৩ মাসে অনুষ্ঠিত জাতীয় সমবায় দিবসে মাননীয় প্রধানমন্ত্রী শেখ হাসিনা কর্তৃক প্রদত্ত ভাষণের নির্দেশনা মোতাবেক সমবায় অধিদপ্তরের কর্মপরিকল্পনা প্রণয়ন ও বাস্তবায়ন অগ্রগতি বিষয়ক সভার কার্যবিবরণী

| | | |
|---|---|---|
| **সভাপতি** | : | মুনিমা হাফিজ |
| | : | নিবন্ধক ও মহাপরিচালক (অতি. দা.) |
| **তারিখ ও সময়** | : | ১৩-১১-২০২৩, বিকাল-০৩.৩০ মি: |
| **স্থান** | : | সমবায় অধিদপ্তরের সম্মেলন কক্ষ 'পায়রা' |
| **উপস্থিত সদস্যবৃন্দ** | : | পরিশিষ্ট- 'ক' দ্রষ্টব্য |

সভায় উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভাপতি সভার কার্যক্রম শুরু করেন। সভার শুরুতে সভাপতি যুগ্মনিবন্ধক (প্রশাসন, মাসউ ও ফাইন্যান্স), সমবায় অধিদপ্তর, ঢাকাকে আলোচ্যসূচি অনুযায়ী কার্যপত্র উপস্থাপন করার জন্য অনুরোধ করেন। জাতীয় সমবায় দিবসে মাননীয় প্রধানমন্ত্রী শেখ হাসিনা কর্তৃক প্রদত্ত ভাষণের নির্দেশনার বিষয়ে পর্যায়ক্রমে বিস্তারিত আলোচনা শেষে নিম্নরূপ সিদ্ধান্ত গৃহীত হয়:

| ক্রম | আলোচ্য বিষয় | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নে |
|---|---|---|---|---|
| ০১. | **গত সভার কার্যবিবরণী অনুমোদন;** | গত ০৯/০৮/২০২৩ তারিখে অনুষ্ঠিত সভার কার্যবিবরণী সকল সদস্যদের নিকট প্রেরণ করা হয় এবং সভায় উপস্থাপন করা হয়। কোন সংশোধনী প্রস্তাব পাওয়া যায়নি। | ১. গত ০৯/০৮/২০২৩ তারিখে অনুষ্ঠিত সভার কার্যবিবরণীতে কোন সংশোধন প্রস্তাব না থাকায় কার্যবিবরণীটি দৃঢ়করণ করা হলো। | সংশ্লিষ্ট সকল কর্মকর্তা |
| ০২ | **সমবায়ের মাধ্যমে সমাজের অনগ্রসর জনগোষ্ঠী বিশেষ করে নৃ-তাত্ত্বিক জনগোষ্ঠী, হিজড়া, বেদে ও অন্যান্য অনগ্রসর জনগোষ্ঠীর জীবনযাত্রার মান উন্নয়ন। (সূত্র: ৪৯তম জাতীয় সমবায় দিবস, ০৭/১১/২০২০)** | যুগ্মনিবন্ধক (পরিকল্পনা ও উন্নয়ন) সভায় জানান অনগ্রসর ও দলিত সম্প্রদায়কে অন্তর্ভুক্ত করে "দক্ষতা উন্নয়নের মাধ্যমে খুলনা বিভাগের দরিদ্র ও দলিত জনগোষ্ঠীর টেকসই কর্মসংস্থান নিশ্চিতকরণ" শীর্ষক প্রকল্পের যাচাই কমিটির সভা ১১/০৬/২০২৩ তারিখে অনুষ্ঠিত হয়েছে। যাচাই কমিটির সিদ্ধান্ত অনুযায়ী প্রকল্পটির ডিপিপি পুনর্গঠনের কার্যক্রম চলমান রয়েছে এবং সভার সিদ্ধান্ত অনুযায়ী প্রকল্পের নাম পরিবর্তন করে 'দক্ষতা উন্নয়নের লক্ষ্যে সমবায়ের মাধ্যমে খুলনা বিভাগের পশ্চাৎপদ জনগোষ্ঠীর টেকসই কর্মসংস্থান নিশ্চিতকরণ' করা হয়েছে। | ১. প্রস্তাবিত 'দক্ষতা উন্নয়নের লক্ষ্যে সমবায়ের মাধ্যমে খুলনা বিভাগের পশ্চাৎপদ জনগোষ্ঠীর টেকসই কর্মসংস্থান নিশ্চিতকরণ' শীর্ষক' প্রকল্পটির ডিপিপি পুনর্গঠনের কার্যক্রম সম্পন্ন করে পরবর্তী কার্যক্রম গ্রহণ করতে হবে। | যুগ্মনিবন্ধক (পরিকল্পনা ও উন্নয়ন) সমবায় অধিদপ্তর |
| | | 'বরিশাল বিভাগের দারিদ্র্যপিড়িত উপজেলায় সমবায়ের মাধ্যমে স্ব-কর্মসংস্থান সৃষ্টি' শীর্ষক প্রকল্পের পুনর্গঠিত ডিপিপি ৩১/১০/২৩ তারিখে পরিকল্পনা কমিশনে প্রেরণ করা হয়েছে। | ২. 'বরিশাল বিভাগের দারিদ্র্যপিড়িত উপজেলায় সমবায়ের মাধ্যমে স্ব-কর্মসংস্থান সৃষ্টি' শীর্ষক প্রকল্পের বিষয়ে সংশ্লিষ্টদের সাথে যোগাযোগ রক্ষা করে পরবর্তী কার্যক্রম গ্রহণ করতে হবে। | যুগ্মনিবন্ধক (পরিকল্পনা ও উন্নয়ন) সমবায় অধিদপ্তর |

| ক্রম | আলোচ্য বিষয় | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নে |
|---|---|---|---|---|
| | | প্রত্যেক বিভাগে কমপক্ষে একটি করে হিজড়া অথবা বেদে অথবা নৃ-তাত্ত্বিক/অনগ্রসর জনগষ্ঠীদের নিয়ে সমবায় সমিতি গঠন এবং এ সংক্রান্ত অগ্রগতির তথ্য গৃহায়ন, মহিলা ও বিশেষ দল শাখায় প্রেরণ করার বিষয়ে বিস্তারিত আলোচনা করা হয়। | ৩. প্রত্যেক বিভাগে কমপক্ষে একটি করে হিজড়া অথবা বেদে অথবা নৃ-তাত্ত্বিক/অনগ্রসর জনগষ্ঠীদের নিয়ে সমবায় সমিতি গঠন করতে হবে এবং এ সংক্রান্ত অগ্রগতির তথ্য গৃহায়ন, মহিলা ও বিশেষ দল শাখায় প্রেরণ করতে হবে। | বিভাগীয় যুগ্মনিবন্ধক (সকল) |
| | | অনগ্রসর জনগোষ্ঠীদের নিয়ে সমবায় অধিদপ্তর থেকে যে সকল প্রকল্প বাস্তবায়িত হয়েছে, সেসকল প্রকল্পভূক্ত সমবায় সমিতির তথ্য এবং সেসকল প্রকল্পের আবর্তক তহবিল সম্পর্কিত তথ্য পরবর্তী সমন্বয় সভায় উপস্থাপন করার বিষয়ে বিস্তারিত আলোচনা কর হয়। | ৪. অনগ্রসর জনগোষ্ঠীদের নিয়ে সমবায় অধিদপ্তর থেকে যে সকল প্রকল্প বাস্তবায়িত হয়েছে, সেসকল প্রকল্পভূক্ত সমবায় সমিতির তথ্য এবং সেসকল প্রকল্পের আবর্তক তহবিল সম্পর্কিত তথ্য পরবর্তী সমন্বয় সভায় উপস্থাপন করতে হবে। | যুগ্মনিবন্ধক (মা.ক্রে.গৃ.মওবি) সমবায় অধিদপ্তর |
| ০৩. | **সমবায়ের মাধ্যমে নারীর ক্ষমতায়ন ও উন্নয়ন, নারী পুরুষের সমতা আনয়নের জন্য নারীদেরকে প্রশিক্ষণ প্রদান।** **(সূত্র: ৪৯তম জাতীয় সমবায় দিবস, ০৭/১১/২০২০)** | যুগ্মনিবন্ধক (পরিকল্পনা ও উন্নয়ন) সভায় জানান 'বঙ্গমাতা শেখ ফজিলাতুন নেছা মুজিব মহিলা সমবায় সমিতির মাধ্যমে নারী সমবায়ীদের দক্ষতা উন্নয়ন ও উদ্যোক্তা সৃজন' শীর্ষক প্রকল্পের পুনর্গঠিত ডিপিপি ১২/১০/২০২৩ তারিখে পরিকল্পনা কমিশনে প্রেরণ করা হয়েছে। পরিকল্পনা কমিশনের কৃষি, পানি সম্পদ ও পল্লী প্রতিষ্ঠান বিভাগে উক্ত প্রকল্পের ওপর প্রজেক্ট প্রি-এ্যাপ্রেইজল সভা গত ০২/১১/২৩ তারিখে অনুষ্ঠিত হয়েছে। | ১. 'বঙ্গমাতা শেখ ফজিলাতুন্নেছা মুজিব মহিলা সমবায় সমিতির মাধ্যমে নারী সমবায়ীদের দক্ষতা উন্নয়ন ও উদ্যোক্তা সৃজন' শীর্ষক প্রকল্পের অগ্রগতি বিষয়ে সংশ্লিষ্টদের সাথে যোগাযোগ রক্ষা করে পরবর্তী কার্যক্রম গ্রহণ করতে হবে। | যুগ্মনিবন্ধক (পরিকল্পনা ও উন্নয়ন) সমবায় অধিদপ্তর |
| | | নারী সমবায়ীদেরকে বিশেষ করে বঙ্গমাতা শেখ ফজিলাতুন্নেছা মুজিব মহিলা সমবায় সমিতির সদস্যদের বিভিন্ন প্রকার প্রশিক্ষণের ব্যবস্থা গ্রহণ, নারী সমবায়ীদেরকে সমবায় আইন ও বিধিমালা সম্পর্কে প্রশিক্ষণ প্রদান বিষয়ে বিস্তারিত আলোচনা করা হয়। | ২. নারী সমবায়ীদেরকে বিশেষ করে বঙ্গমাতা শেখ ফজিলাতুন্নেছা মুজিব মহিলা সমবায় সমিতির সদস্যদের বিভিন্ন বিষয়ে প্রশিক্ষণ প্রদানের ব্যবস্থা গ্রহণ করতে হবে। | ১. অধ্যক্ষ, বাংলাদেশ সমবায় একাডেমি, কোটবাড়ী, কুমিল্লা<br>২. বিভাগীয় যুগ্মনিবন্ধক (সকল) |
| | | সারা দেশে নারী সমবায় সমিতির কার্যক্রমের অগ্রগতির তথ্য, নারীর ক্ষমতায়নের লক্ষ্যে নারী সমবায় সমিতিগুলোকে শক্তিশালী করণেরর জন্য কি পরিকল্পনা গ্রহণ করা হয়েছে ও সুবিধা বঞ্চিত মহিলাদের জীবনমান উন্নয়নের জন্য সমবায় অধিদপ্তর থেকে বাস্তবায়িত প্রকল্পের মাধ্যমে গঠিত সমবায় সমিতির কার্যক্রমের অগ্রগতির তথ্য পরবর্তী সমন্বয় সভায় উপস্থাপনের বিষয়ে বিস্তারিত আলোচনা করা হয়। | ৩. সারা দেশে নারী সমবায় সমিতির কার্যক্রমের অগ্রগতির তথ্য পরবর্তী সমন্বয় সভায় উপস্থাপন করতে হবে। | যুগ্মনিবন্ধক (মা.ক্রে.গৃ.মওবি) সমবায় অধিদপ্তর |
| | | | ৪. নারীর ক্ষমতায়নের লক্ষ্যে নারী সমবায় সমিতিগুলোকে শক্তিশালী করণের জন্য কি পরিকল্পনা গ্রহণ করা যায়, সে বিষয়ে একটি প্রস্তাবনা পরবর্তী সমন্বয় সভায় উপস্থাপন করতে হবে। | যুগ্মনিবন্ধক (মা.ক্রে.গৃ.মওবি) সমবায় অধিদপ্তর |
| | | | ৫. সুবিধা বঞ্চিত মহিলাদের জীবনমান উন্নয়নের জন্য সমবায় অধিদপ্তর থেকে বাস্তবায়িত প্রকল্পের আওতায় নিবন্ধিত সকল সমবায় সমিতির কার্যক্রমের অগ্রগতির তথ্য উপস্থাপন করতে হবে। | যুগ্মনিবন্ধক (মা.ক্রে.গৃ.মওবি) সমবায় অধিদপ্তর |

| ক্রম | আলোচ্য বিষয় | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নে |
|---|---|---|---|---|
| | | ক) 'উন্নত জাতের গাভী পালনের মাধ্যমে সুবিধাবঞ্চিত মহিলাদের জীবনযাত্রার মান উন্নয়ন-(২য় পর্যায়)' প্রকল্পটির সম্ভাব্যতা সমীক্ষা সম্পাদনের জন্য ২০/০৩/২৩ তারিখ, ৪৭.৬১.০০০০.০৪৯.১৪.০১৪.২১.১৪ নং স্মারক মূলে ডঃ মুহাম্মদ জাহাঙ্গীর আলম, অধ্যাপক অর্থনীতি বিভাগ, জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয় এর নেতৃত্বে পাঁচ সদস্য বিশিষ্টদলকে কার্যাদেশ প্রদান করা হয়।<br>খ) ০৮/১১/২৩ তারিখে খসড়া সম্ভাব্যতা সমীক্ষা প্রতিবেদন পাওয়া গিয়েছে। পরিকল্পনা শাখায় পর্যালোচনা করে প্রতিবেদনটি চূড়ান্তকরণের কাজ চলমান রয়েছে। | ৬. 'উন্নত জাতের গাভী পালনের মাধ্যমে সুবিধাবঞ্চিত মহিলাদের জীবনযাত্রার মান উন্নয়ন-২য় পর্যায়' প্রকল্পটির সম্ভাব্যতা সমীক্ষার পূর্ণাঙ্গ প্রতিবেদন চূড়ান্তকরণপূর্বক পরবর্তী কার্যক্রম গ্রহণ করতে হবে। | যুগ্মনিবন্ধক (পরিকল্পনা ও উন্নয়ন) সমবায় অধিদপ্তর |
| ০৪. | **আইলবিহীন চাষাবাদ, কৃষি যান্ত্রিকীকরণ ও গ্রামীণ উন্নয়নে গ্রামভিত্তিক বহুমুখী সমবায় সমিতি গঠন। (সূত্র: ৪৯তম জাতীয় সমবায় দিবস, ০৭/১১/২০২০)** | যুগ্মনিবন্ধক (পরিকল্পনা ও উন্নয়ন) সভায় জানান 'বঙ্গবন্ধুর গণমুখী সমবায় ভাবনার আলোকে বঙ্গবন্ধু মডেল গ্রাম প্রতিষ্ঠা' পাইলট শীর্ষক প্রকল্পটি (১ম সংশোধিত) ৫৬৫৬.৪০ লক্ষ টাকা ব্যয়ে জুলাই, ২০২১ হতে জুন ২০২৪ মেয়াদে বাস্তবায়ন করা হচ্ছে। প্রকল্পটি ২০২৩-২০২৪ অর্থবছরের এডিপিতে ১৭২৫.০০ লক্ষ (রাজস্ব বাবদ ৬৮১ লক্ষ ও মূলধন বাবদ ১০৪৪.০০ লক্ষ) টাকা বরাদ্দ প্রদান করা হয়েছে। ২০২৩-২০২৪ অর্থবছরের ১ম ও ২য় কিস্তি বাবদ ৭৯০.৪৯ লক্ষ টাকা ছাড় হয়েছে। চলতি অর্থবছরের অক্টোবর/২০২৩ মাস পর্যন্ত ২৩৮.৭৭ লক্ষ টাকা ব্যয় করা হয়েছে। যা বরাদ্দকৃত অর্থের ১৩.৮৪%। | ১. 'বঙ্গবন্ধুর গণমুখী সমবায় ভাবনার আলোকে বঙ্গবন্ধু মডেল গ্রাম প্রতিষ্ঠা' শীর্ষক পাইলট প্রকল্পটি শতভাগ সফল করার লক্ষ্যে সংশ্লিষ্ট সকলকে গুরুত্ব সহকারে কাজ করতে হবে। প্রকল্পের কার্যক্রমের অগ্রগতি প্রতি সমন্বয় সভায় উপস্থাপন করতে হবে। | যুগ্মনিবন্ধক (পরিকল্পনা ও উন্নয়ন) সমবায় অধিদপ্তর |
| | | 'রায়চৌ সার্বিক গ্রাম উন্নয়ন সমবায় সমিতি লিঃ' এর আইলবিহীন চাষাবাদ পদ্ধতি সরেজমিনে পরিদর্শন করে পরবর্তী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য সমবায় অধিদপ্তরের পরিকল্পনা ও উন্নয়ন, সমিতি ব্যবস্থাপনা ও আইন শাখার সমন্বয়ে একটি কমিটি গঠন করা হয়েছে। আইলবিহীন চাষাবাদ সংক্রান্ত পূর্ণাঙ্গ প্রতিবেদন প্রণয়ন করে আগামী ১ মাসের মধ্যে দাখিল করার বিষয়ে সভায় আলোচনা হয়। | ২. এ সংক্রান্ত গঠিত কমিটি কর্তৃক আইলবিহীন চাষাবাদ পদ্ধতি সরেজমিনে পরিদর্শন করে আইলবিহীন চাষাবাদ সংক্রান্ত পূর্ণাঙ্গ প্রতিবেদন পরবর্তী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য পরিকল্পনা ও উন্নয়ন শাখায় আগামী ১ মাসের মধ্যে দাখিল করতে হবে। | সভাপতি/সদস্য সচিব, (এ সংক্রান্ত গঠিত কমিটি) সমবায় অধিদপ্তর |
| ০৫. | **পুষ্টি চাহিদা পুরণ ও দুগ্ধ শিল্পের প্রসার। (সূত্রঃ ৪৯তম জাতীয় সমবায় দিবস, ০৭/১১/২০২০)** | যুগ্মনিবন্ধক (পরিকল্পনা ও উন্নয়ন) সভায় জানান 'দুগ্ধ ও মাংস উৎপাদনের মাধ্যমে গ্রামীণ কর্মসংস্থান সৃষ্টির লক্ষ্যে যশোর ও মেহেরপুর জেলায় সমবায় কার্যক্রম বিস্তৃতকরণ' শীর্ষক প্রকল্পটি (১ম সংশোধিত) ৫৩২১.০০ লক্ষ টাকা ব্যয়ে জানুয়ারী, ২০২১ হতে জুন, ২০২৪ মেয়াদে বাস্তবায়ন করা হচ্ছে। প্রকল্পটি ২০২৩-২০২৪ অর্থবছরের এডিপিতে ১০১.৬০ লক্ষ (রাজস্ব বাবদ ১০১.৬০ লক্ষ) টাকা বরাদ্দ প্রদান করা হয়েছে। ২০২৩-২০২৪ অর্থবছরের ১ম ও ২য় | ১. 'দুগ্ধ ও মাংস উৎপাদনের মাধ্যমে গ্রামীণ কর্মসংস্থান সৃষ্টির লক্ষ্যে যশোর ও মেহেরপুর জেলায় সমবায়ের কার্যক্রম বিস্তৃতকরণ' শীর্ষক প্রকল্পটি শতভাগ সফল করার লক্ষ্যে সংশ্লিষ্ট সকলকে গুরুত্ব সহকারে কাজ করতে হবে। প্রকল্পের কার্যক্রমের অগ্রগতি প্রতি সমন্বয় সভায় উপস্থাপন করতে হবে। | প্রকল্প পরিচালক/ যুগ্মনিবন্ধক (পরিকল্পনা ও উন্নয়ন) সমবায় অধিদপ্তর |

| ক্রম | আলোচ্য বিষয় | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নে |
|---|---|---|---|---|
| | | কিস্তি বাবদ ৫০.৮০ লক্ষ টাকা ছাড় হয়েছে। চলতি অর্থবছরের অক্টোবর/২০২৩ মাস পর্যন্ত ১৬.৮৩ লক্ষ টাকা ব্যয় করা হয়েছে। যা বরাদ্দকৃত অর্থের ১৬.৫৬%। | | |
| | | 'দুগ্ধ ঘাটতি উপজেলায় দুগ্ধ সমবায়ের কার্যক্রম সম্প্রসারণ' শীর্ষক প্রকল্পটির প্রাক্কলিত ব্যয় ১৫৬৮৮.২৪ লক্ষ টাকা। জুলাই ২০২২ হতে জুন ২০২৬ মেয়াদে সমবায় অধিদপ্তর কর্তৃক প্রকল্পটি বাস্তবায়িত হচ্ছে। প্রকল্পটি ২০২৩-২০২৪ অর্থবছরে এডিপিতে ৩৫০০.০০ লক্ষ টাকা (রাজস্ব বাবদ ২৯৮৩ লক্ষ টাকা ও মূলধন বাবদ ৫১৭.০০ লক্ষ টাকা) বরাদ্দ প্রদান করা হয়েছে। সে অনুযায়ী প্রকল্পটির ১ম ও ২য় কিস্তি বাবদ ১৭৪৯.১৬ লক্ষ টাকা ছাড় হয়েছে। চলতি অর্থবছরের অক্টোবর/২০২৩ মাস পর্যন্ত ১৯.৯৪ লক্ষ টাকা ব্যয় করা হয়েছে। যা বরাদ্দকৃত অর্থের ০.৫৭%। | ২. 'দুগ্ধ ঘাটতি উপজেলায় দুগ্ধ সমবায়ের কার্যক্রম সম্প্রসারণ' শীর্ষক প্রকল্পটি শতভাগ সফল করার লক্ষ্যে সংশ্লিষ্ট সকলকে গুরুত্ব সহকারে কাজ করতে হবে। প্রকল্পের কার্যক্রমের অগ্রগতি প্রতি সমন্বয় সভায় উপস্থাপন করতে হবে। | প্রকল্প পরিচালক/ যুগ্মনিবন্ধক (পরিকল্পনা ও উন্নয়ন) সমবায় অধিদপ্তর |
| | | সমবায় অধিদপ্তর থেকে নিবন্ধিত দুগ্ধ সমবায় সমিতির কার্যক্রমের অগ্রগতির তথ্য পরবর্তী সভায় উপস্থাপন বিষয়ে সভায় আলোচনা হয়। | ৩. সমবায় অধিদপ্তর থেকে নিবন্ধিত দুগ্ধ সমবায় সমিতির কার্যক্রমের অগ্রগতির তথ্য পরবর্তী সভায় উপস্থাপন করতে হবে। | যুগ্মনিবন্ধক (কৃষিজ শিল্প) সমবায় অধিদপ্তর |
| | | দুগ্ধ সমবায় সমিতিসমূহ শক্তিশালীকরণের লক্ষ্যে একটি পরিকল্পনা গ্রহণ করে পরবর্তী সমন্বয় সভায় উপস্থাপনের বিষয়ে সভায় আলোচনা হয়। | ৪. দুগ্ধ সমবায় সমিতিসমূহ শক্তিশালীকরণের লক্ষ্যে একটি পরিকল্পনা পরবর্তী সমন্বয় সভায় উপস্থাপন করতে হবে। | যুগ্মনিবন্ধক (কৃষিজ শিল্প) সমবায় অধিদপ্তর |
| | | দুগ্ধ সমবায় সমিতির উন্নয়নে বাস্তবায়িত প্রকল্পভুক্ত সকল সমবায় সমিতির তথ্য উপস্থাপন বিষয়ে সভায় আলোচনা হয়। | ৫. বাস্তবায়িত প্রকল্পের আওতায় নিবন্ধিত দুগ্ধ সমবায় সমিতির কার্যক্রমের অগ্রগতির তথ্য পরবর্তী সমন্বয় সভায় উপস্থাপন করতে হবে। | যুগ্মনিবন্ধক (কৃষিজ শিল্প) সমবায় অধিদপ্তর/ |
| ০৬. | **উৎপাদিত পণ্যের প্রক্রিয়াকরণ ও বাজারজাতকরণ। (সূত্র: ৪৯তম জাতীয় সমবায় দিবস, ০৭/১১/২০২০)** | ১. যুগ্মনিবন্ধক (পরিকল্পনা ও উন্নয়ন) সভায় জানান 'সমবায়ের মাধ্যমে কৃষি পণ্যের বাজারজাতকরণ ও ভ্যালু চেইন উন্নয়ন' শীর্ষক একটি প্রকল্প গ্রহণের লক্ষ্যে সম্ভাব্যতা যাচাইয়ের জন্য 'Marketing and Value Chain Development of Agricultural products through Cooperatives, শীর্ষক সম্ভাব্যতা সমীক্ষা প্রস্তাব প্রকল্পটির মেয়াদ ১ মার্চ-২০২৩ হতে ৩১ আগষ্ট-২০২৪ তারিখ পর্যন্ত বৃদ্ধির অনুমোদনের জন্য পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগ হতে ১৮.০৫.২০২৩ তারিখের ৪৭.০০.০০০০.০৩৮.১৪.০০৪.২০২৩-৫১ নং স্মারক মূলে সদস্য, কৃষি, পানি সম্পদ ও পল্লী প্রতিষ্ঠান বিভাগ, পরিকল্পনা কমিশন, শেরে বাংলা নগর, ঢাকায় প্রেরণ করা হয়েছে। | ১. 'সমবায়ের মাধ্যমে কৃষি পণ্যের বাজারজাতকরণ ও ভ্যালু চেইন উন্নয়ন' শীর্ষক একটি প্রকল্প গ্রহণের লক্ষ্যে সম্ভাব্যতা যাচাইয়ের জন্য 'Marketing and Value Chain Development of Agricultural products through Cooperatives, শীর্ষক সম্ভাব্যতা সমীক্ষা প্রস্তাব প্রকল্পটির মেয়াদ বৃদ্ধির অনুমোদন বিষয়ে পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগের সাথে যোগাযোগ অব্যাহত রেখে পরবর্তী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে। | যুগ্মনিবন্ধক (পরিকল্পনা ও উন্নয়ন), সমবায় অধিদপ্তর/ প্রকল্প পরিচালক |

| ক্রম | আলোচ্য বিষয় | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নে |
|---|---|---|---|---|
| | | সারা দেশে গঠিত সমবায় বাজার এর উন্নয়নে/শক্তিশালীকরণে কর্মপরিকল্পনা প্রণয়ন করতে এবং পরবর্তী সমন্বয় সভায় তা উপস্থাপন বিষয়ে সভায় আলোচনা হয়। | ২. সারা দেশে গঠিত সমবায় বাজার এর উন্নয়নে/শক্তিশালীকরণে কর্মপরিকল্পনা প্রণয়ন করতে হবে এবং পরবর্তী সমন্বয় সভায় তা উপস্থাপন করতে হবে। | যুগ্মনিবন্ধক (মা.ক্রে.গু, মওবি) সমবায় অধিদপ্তর |
| ০৭. | **স্থায়ী, উৎপাদনমুখী এবং লাভজনক সমবায় প্রতিষ্ঠান তৈরীর উদ্যোগ গ্রহণ।** **(সূত্র: ৪৯তম জাতীয় সমবায় দিবস, ০৭/১১/২০২০)** | জাতীয় সমবায় দিবসে মাননীয় প্রধানমন্ত্রী কর্তৃক প্রদত্ত নির্দেশনার আলোকে স্থায়ী, উৎপাদনমূখী এবং লাভজনক সমবায় প্রতিষ্ঠান তৈরীর উদ্যোগ গ্রহণের নিমিত্ত সমবায় অধিদপ্তরের কর্মকর্তাগণের সমন্বয়ে গঠিত কমিটি কর্তৃক অনুষ্ঠিত সভার সিদ্ধান্ত এবং নিবন্ধক ও মহাপরিচালক মহোদয়ের সিদ্ধান্তের প্রেক্ষিতে বিগত ২১/০৯/২০২৩ খ্রি. তারিখে "স্থায়ী, উৎপাদনমুখী এবং লাভজনক সমবায় প্রতিষ্ঠান তৈরীর কৌশল" শীর্ষক একটি কর্মশালা আয়োজন করা হয়েছে। উক্ত কর্মশালার সুপারিশের ভিত্তিতে এবং কমিটির ০৩/১০/২০২৩ তারিখের সভার সিদ্ধান্তসমূহের বিষয়ে বিস্তারিত আলোচনা করা হয় এবং সমবায় সমিতিগুলোকে স্থায়ী, উৎপাদনমূখী এবং লাভজনক সমবায় প্রতিষ্ঠান হিসেবে গড়ার লক্ষ্যে গৃহীত কার্যক্রম বিষয়ে পরবর্তী সমন্বয় সভায় উপস্থাপন বিষয়ে সভায় আলোচনা হয়। | ১. সমবায় সমিতিসমূহের আর্থিক ভিত্তি শক্তিশালিকরণের লক্ষ্যে সমবায় সমিতি আইন, ২০০১ (সংশোধন, ২০০২ ও ২০১৩) এর ২৬ (খ) ধারা অনুযায়ী আমানত সুরক্ষা তহবিল গঠন নিশ্চিতকরণ বিষয়ে গৃহীত কার্যক্রম পরবর্তী সমন্বয় সভায় উপস্থাপন করতে হবে। | যুগ্মনিবন্ধক (অডিট ও আইন) সমবায় অধিদপ্তর |
| | | | ২. সমবায় সমিতির সংগঠনিক ভিত্তি শক্তিশালিকরণের লক্ষ্যে ৫০ হাজার টাকার কম শেয়ার মূলধন বিশিষ্ট সমিতিগুলোকে নিবিড় পর্যবেক্ষণের আওতায় আনায়নের জন্য সমবায় সমিতি বিধিমালা ২০০৪(সংশোধিত-২০২০) এর ৩৪(৫) বিধি বাস্তবায়ন নিশ্চিতকরণ বিষয়ে গৃহীত কার্যক্রম পরবর্তী সমন্বয় সভায় উপস্থাপন করতে হবে। | যুগ্মনিবন্ধক (অডিট ও আইন) সমবায় অধিদপ্তর |
| | | | ৩. বর্তমান সময়ের প্রেক্ষাপটে নিবন্ধন সংক্রান্ত নীতিমালা, ২০০৮ (সংশোধিত ২০১৩) হালনাগাদকরত: পরিপত্র জারির প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে। | যুগ্মনিবন্ধক (অডিট ও আইন) সমবায় অধিদপ্তর |
| | | | ৪. পণ্য উৎপাদন ও বাজারজাতকরণের সুবিধার্থে সমবায় সমিতিকে ঋণ সুবিধা প্রদানের উদ্যোগ গ্রহণ বিষয়ে গৃহীত কার্যক্রম পরবর্তী সমন্বয় সভায় উপস্থাপন করতে হবে। | যুগ্মনিবন্ধক (ব্যাংক, বীমা ও কৃষি ঋণ) সমবায় অধিদপ্তর |
| | | | ৫. সফল বিনিয়োগকারী সমবায় সমিতি নিয়ে বাৎসরিক একটি সম্মেলন আয়োজন এবং তাদেরকে উৎসাহ প্রদানের জন্য বিভিন্ন ইনসেন্টিভ বা উৎসাহ প্রদানের ব্যবস্থা গ্রহণ বিষয়ে গৃহীত কার্যক্রম পরবর্তী সমন্বয় সভায় উপস্থাপন করতে হবে। | যুগ্মনিবন্ধক (ইপিপি) সমবায় অধিদপ্তর |
| | | | ৬. 'বিদ্যমান শ্রেণিভিত্তিক সমবায় সমিতির দূর্বলতা, সম্ভাবনা এবং বর্তমান সময়ের চ্যালেঞ্জ মোকাবেলা করে টেকসই সমবায় সমিতি গঠন করার বিষয়ে করনীয়' সম্পর্কে মতামত সেবা শিল্প শাখায় প্রেরণ করতে হবে। | বিভাগীয় যুগ্মনিবন্ধক (সকল) |

| ক্রম | আলোচ্য বিষয় | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নে |
|---|---|---|---|---|
| ০৮. | **৫১তম জাতীয় সমবায় দিবসে মাননীয় প্রধানমন্ত্রী কর্তৃক প্রদত্ত ভাষণের নির্দেশনার বিষয়ে কর্মপরিকল্পনা প্রণয়ন (সূত্রঃ ৫১তম জাতীয় সমবায় দিবস, ০৫/১১/২০২২)** | ৫১তম জাতীয় সমবায় দিবসে মাননীয় প্রধানমন্ত্রী যে সকল বিষয়ে দিক নির্দেশনা দিয়েছেন সে সকল বিষয়ে আগামী ১ মাসের মধ্যে কর্মপরিকল্পনা তৈরি করে নিবন্ধক ও মহাপরিচালক বরাবর উপস্থাপনের বিষয়ে সভায় আলোচনা হয়। | ১. ৫১তম জাতীয় সমবায় দিবসে মাননীয় প্রধানমন্ত্রী যে সকল বিষয়ে দিক নির্দেশনা দিয়েছেন সে সকল বিষয়ে আগামী ১ মাসের মধ্যে কর্মপরিকল্পনা তৈরি করে নিবন্ধক ও মহাপরিচালক বরাবর দাখিল করতে হবে। | যুগ্মনিবন্ধক (পরিকল্পনা ও উন্নয়ন) সমবায় অধিদপ্তর |

সভায় আর কোন আলোচনা না থাকায় সভাপতি সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

১৬/১১/২০২৩

মুনিমা হাফিজ
নিবন্ধক ও মহাপরিচালক
সমবায় অধিদপ্তর, ঢাকা।

স্মারক নং-৪৭.৬১.০০০০.০০৬.০৬.০০৩.২৩-১৪৯(৬০) স/মূ;

তারিখ: ১৬/১১/২০২৩খ্রি.

সদয় জ্ঞাতার্থে ও কার্যার্থে:

০১। সচিব, পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা [সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য]।
দৃষ্টি আকর্ষণ: উপসচিব (সমবায়, প্রশাসন), পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
০২। অতিরিক্ত নিবন্ধক (সকল)........................................ সমবায় অধিদপ্তর, ঢাকা।
০২। অধ্যক্ষ, বাংলাদেশ সমবায় একাডেমি, কোটবাড়ী, কুমিল্লা।
০৩। যুগ্মনিবন্ধক (সকল)........................................সমবায় অধিদপ্তর, ঢাকা।
০৪। যুগ্মনিবন্ধক, বিভাগীয় সমবায় দপ্তর, ঢাকা/চট্টগ্রাম/রাজশাহী/খুলনা/বরিশাল/সিলেট/রংপুর/ময়মনসিংহ।
০৫। প্রকল্প পরিচালক (যুগ্মনিবন্ধক), ‘দুগ্ধ ঘাটতি উপজেলায় দুগ্ধ সমবায়ের কার্যক্রম সম্প্রসারণ’ শীর্ষক প্রকল্প, সমবায় অধিদপ্তর, ঢাকা।
০৬। উপনিবন্ধক (সকল) ........................................সমবায় অধিদপ্তর, ঢাকা।
০৭। উপনিবন্ধক (এমআইএস), সমবায় অধিদপ্তর, ঢাকা। তাঁকে সভার কার্যবিবরণীটি ওয়েবসাইটে প্রকাশের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।
০৮। সহকারী নিবন্ধক (সকল)........................................ সমবায় অধিদপ্তর, ঢাকা।
০৯। নিবন্ধক ও মহাপরিচালক মহোদয়ের একান্ত সহকারী, [নিবন্ধক ও মহাপরিচালক মহোদয়ের সদয় অবগতির জন্য]।

১৬/১১/২০২৩

(তানিয়া আক্তার)
সহকারী নিবন্ধক (সমন্বয় ও কর্মমূল্যায়ন)
সমবায় অধিদপ্তর,
ar.coordination@gmail.com